# ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.tcb.gov.bd

নং-২৬.০৫.০০০০.০২৩.০৭.৪৯৬.২৩.২৮৮ তারিখঃ ০৫-০৫-২০২৪ খ্রিঃ

বিষয়ঃ **নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখতে মে'২০২৪ মাসে সরকার নির্ধারিত উপকারভোগী পরিবারের নিকট বিক্রয়ের নিমিত্ত ডিলারদেরকে পণ্য বরাদ্দ প্রদানের অনুমোদন প্রসঙ্গে।**

সূত্রঃ বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং-২৬.০০.০০০০.১১৩.৯৯.০০৩.২৩.১৭৭ ; তারিখ ০৫-০৫-২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের অনুমোদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখতে ২০২৩-২৪ অর্থ বছরের মে'২০২৪ মাসে সরকার নির্ধারিত ০১ (এক) কোটি উপকারভোগী পরিবারের নিকট আগামী ০৭-০৫-২০২৪ খ্রিঃ তারিখ হতে জেলা প্রশাসন/ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে টিসিবি'র পণ্যাদি বিক্রয়ের নিমিত্ত নিম্নে বর্ণিত দর ও পরিমাণে বরাদ্দ দেয়ার জন্য অনুরোধ করা হলো :-

| ক্রঃ নং | পণ্যের নাম | ভোক্তা মূল্য প্রতি কেজি/লিটার (পরিচালন ব্যয়সহ)/ (টাকায়) | পণ্য বরাদ্দের পরিমাণ (কেজি/লিটার) |
|---|---|---|---|
| ১। | চিনি | টাঃ ৭০.০০ (**চিনি মজুদ সাপেক্ষে**) | **প্রতি উপকারভোগী চিনি ০১ কেজি, মসুর ডাল ০২ কেজি, সয়াবিন তেল ০২ লিটার এবং চাল ০৫ কেজি বরাদ্দ পাবেন। চিনি মজুদ সাপেক্ষে বরাদ্দ পাবেন।** |
| ২। | মসুর ডাল | টাঃ ৬০.০০ | |
| ৩। | সয়াবিন তেল | টাঃ ১০০.০০ | |
| ৪। | চাল | টাঃ ৩০.০০ | |

২। **বরাদ্দপত্র ইস্যু ও পণ্য বিতরণের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়াবলীঃ**

(ক) গুদামে মজুদ আগের পণ্য আগে বরাদ্দ দিতে হবে।

(খ) প্রয়োজনীয় মজুদ রেখে ডিলারদেরকে কিস্তির পণ্য বরাদ্দ দিতে হবে।

(গ) টিসিবি'র সকল আঞ্চলিক কার্যালয়ের বরাদ্দকৃত পণ্যাদির মূল্য টিসিবি'র নির্ধারিত ব্যাংক একাউন্ট নম্বরে জমা করতে হবে। ব্যাংকে টাকা জমা নিশ্চিত হওয়ার পর ডি.ও ইস্যু করতে হবে।

(ঘ) অনুমোদিত ২(দুই) জনের যৌথ স্বাক্ষরে ডি.ও ইস্যু করতে হবে।

(ঙ) সকল ডিলার ওজন ও গুণগতমান দেখে পণ্যাদি সরবরাহ নিবে এবং অনাপত্তি স্বাক্ষর করবে। গুদাম থেকে পণ্যাদি ডেলিভারী নেয়ার পর কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না মর্মে অফিস প্রধানগণ ডিলারদের জানানোর ব্যবস্থা গ্রহণ করবেন। গুদাম থেকে ডিলারদেরকে পণ্য সরবরাহ দেয়ার সময় পণ্যের গুণগতমান নিশ্চিত হয়ে পণ্য সরবরাহ দিতে হবে।

(চ) ডিলারগণ টিসিবি'র গোডাউন থেকে পণ্যাদি উত্তোলনের পর জেলা প্রশাসন/স্থানীয় প্রশাসনের তত্ত্বাবধানে দোকান/ স্থানীয় প্রশাসন নির্ধারিত স্থানে পণ্য বিক্রয় করবেন।

৩। (ক) প্রত্যেক ডিলার চালসহ টিসিবি'র বরাদ্দকৃত পণ্যের নির্ধারিত মূল্য সংবলিত লিখিত ব্যানার দোকান/বিক্রয় স্থানের সামনে সুন্দর ও সুদৃশ্য করে টাঙ্গিয়ে পণ্য বিক্রি করতে হবে।

(খ) ডিলারগণ প্রতিদিন সকাল ৯.০০ টা থেকে সন্ধ্যা ৬.০০ টা (বিক্রয় শেষ না হওয়া পর্যন্ত) পর্যন্ত নির্ধারিত স্থানে নির্ধারিত উপকারভোগীদের নিকট পণ্য বিক্রয় করবেন।

(গ) ডিলারগণ যে দিন পণ্য উত্তোলণ করবেন তার আগের কর্মদিবসে উক্ত পণ্যের মূল্য টিসিবি'র নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা দিবেন।

(ঘ) গুদাম থেকে ডিলারদেরকে পণ্য সরবরাহ দেয়ার সময় পণ্যের গুণগতমান নিশ্চিত হয়ে পণ্য সরবরাহ দিতে হবে।

(ঙ) ৫০ কিঃ মিঃ দূরত্বের মধ্যে অবস্থিত ডিলারগণ প্রতি কেজি/লিটারে ৫/- টাকা, ৫১-১০০ কিঃ মিঃ দূরত্বের মধ্যে অবস্থিত ডিলারগণ প্রতি কেজি/লিটারে ৬/- টাকা এবং ১০০ কিঃ মিঃ দূরত্বের বাইরে অবস্থিত ডিলারগণ প্রতি কেজি/লিটারে ৭/-টাকা হারে 'পরিচালন ব্যয়' বাবদ প্রাপ্য হবেন। জাতীয় রাজস্ব বোর্ড করনীতি উইং পত্র নং-০৮.০১.০০০০.০৩০. ০৭.০১৫.২২/১৮৯ তারিখ ০৪-০৮-২০২২ খ্রিঃ এর প্রেক্ষিতে প্রদেয় মোট পরিচালন ব্যয় এর উপর ১০% আয়কর কর্তন করতে হবে।

(চ) যথোপযুক্ত কারণ ছাড়া যদি নির্বাচিত কোন ডিলার পণ্য উত্তোলন না করেন এবং বিক্রয়ের নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে পণ্য বিক্রয় করেন তাহলে তাঁর বরাদ্দ বাতিলসহ ডিলারশীপ জামানত বাজেয়াপ্ত করে ডিলারশীপ বাতিল করা হবে।

(ছ) ডিলারগণ জন প্রতি সর্বোচ্চ ০১ কেজি চিনি, ০২ কেজি মসুর ডাল, ০২ লিটার সয়াবিন তেল এবং ০৫ কেজি চাল বিক্রয় করবেন। উল্লেখ্য, চিনি মজুদ না থাকলে মসুর ডাল, তেল ও চাল দিয়ে বরাদ্দ শেষ করতে হবে।

(জ) যে সমস্ত উপজেলায় বিক্রয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক ডিলার নেই সে সমস্ত উপজেলায় ঐ জেলার অন্য ডিলারদের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করতে হবে।

(ঝ) ডি.ও গ্রহণকারী ডিলারদের নাম, ঠিকানা ও মোবাইল নম্বরসহ আইটেম ভিত্তিক বরাদ্দকৃত পণ্যের পরিমাণ উল্লেখপূর্বক বরাদ্দপত্র ইস্যুর সাথে সাথেই উহা ই-মেইল এর মাধ্যমে এবং পত্র মারফত সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবরে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের অফিস প্রধানগণ প্রেরণ করবেন। একইসাথে তা সংস্থার চেয়ারম্যান, পরিচালক (সিএমএস ও বিওবি) এবং যুগ্ম পরিচালক (সিএমএস ও বিওবি) (tcbsecms@tcb.gov.bd) বরাবর ই-মেইল এর মাধ্যমে অবহিত করতে হবে।

(চলমান পাতা-২)

(ঞ) সংশ্লিষ্ট জেলার (উপজেলাসহ) ডিলারগণের মধ্যে পর্যায়ক্রমে (বাই-রোটেশনে) পণ্যাদি বরাদ্দ দিতে হবে।

(ট) অফিস প্রধানগণ সার্বক্ষণিকভাবে সংশ্লিষ্ট ডিলার ও জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন এর সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করে ডিলারের নির্ধারিত স্থানে যথানিয়মে পণ্য বিক্রয় নিশ্চিত করবেন। একই সংগে প্রতিদিনের বিক্রয় কার্যক্রমের তথ্যাদি সংযোজিত ছকে সকাল ১১.০০ ঘটিকার মধ্যে প্রধান কার্যালয়ের যুগ্ম পরিচালক (সিএমএস ও বিওবি) এর (tcbsecms@tcb.gov.bd) এবং tcb@tcb.gov.bd তে ই-মেইল এর মাধ্যমে প্রেরণ নিশ্চিত করবেন।

(ঠ) জেলা ও উপজেলায় জেলা/স্থানীয় প্রশাসন কর্তৃক নির্ধারিত পয়েন্টে পণ্য বিক্রয় করতে কোন ডিলার আপত্তি জ্ঞাপন করলে তার বরাদ্দ স্থগিত রাখা যেতে পারে।

(ড) প্রতিদিন ভাইবারে প্রদত্ত রির্পোটের এক কপি যুগ্ম পরিচালক (সিএমএস ও বিওবি) এর (tcbsecms@tcb.gov.bd) মেইলে দিতে হবে এবং প্রতি সপ্তাহে বিক্রিত পণ্যের ডি.ও এর কপি পরবর্তী সপ্তাহের প্রথম কর্মদিবসে প্রধান কার্যালয়ের সিএমএস ও বিওবি শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।

(ঢ) আত্মীয়ের বন্ধনে আবদ্ধ ডিলারগণকে কোনক্রমেই একই দিনে বা একই সপ্তাহে বরাদ্দ দেয়া যাবে না। একজনকে ১ম সপ্তাহে বরাদ্দ প্রদান করলে অন্য জনকে পরবর্তী সপ্তাহে দেয়া যেতে পারে।

(ণ) টিসিবি'র ডিলারদের বিক্রয় কর্মীদের চিহ্নিত করার সুবিধার্থে টিসিবি কর্তৃক নির্ধারিত পোষাক (কোটি) পরিধান করতে হবে।

(প) মার্চ'২০২৪ মাসের বরাদ্দে যে সকল জেলার ডিলারগণ তেল বরাদ্দ পায়নি মে'২০২৪ মাসের বরাদ্দে তাঁদেরকে অগ্রাধিকার ভিত্তিতে তেল বরাদ্দ দিতে হবে।

(ফ) টিসিবি আঞ্চলিক কার্যালয় ও ক্যাম্প অফিসের প্রধানগণ স্ব-স্ব বিভাগীয় শহরে ডিলারদের বিক্রয় কার্যক্রম তদারকির জন্য অফিস প্রধান ও তাঁর কার্যালয়ের ১ জন কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে গঠিত কমিটি তদারকি করবেন। ঢাকা আঞ্চলিক কার্যালয় উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের জন্য পৃথক পৃথক ২টি তদারকি কমিটি গঠন করবেন। প্রতি মাসের বরাদ্দ শেষে (সিএমএস ও বিওবি) শাখায় প্রতিবেদন প্রেরণ করবেন।

০৫.০৫.২৪

(মোঃ গোলাম খোরশেদ)
উপসচিব
অতিরিক্ত পরিচালক (সিএমএস ও বিওবি)
ফোনঃ ০২-৫৫০১৪২৭৩

কার্যার্থেঃ

১। অফিস প্রধান, টিসিবি আঞ্চলিক কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/মৌলভীবাজার/ময়মনসিংহ।
২। অফিস প্রধান, টিসিবি ক্যাম্প অফিস, কুমিল্লা/মাদারীপুর/ঝিনাইদহ/বগুড়া/গাজীপুর/দিনাজপুর।
৩। কম্পিউটার প্রোগ্রামার, প্রশাসন শাখা, টিসিবি প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে পত্রটি টিসিবি'র ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। চেয়ারম্যান, টিসিবি, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৫। পরিচালক (সিএমএস ও বিওবি), টিসিবি, ঢাকা।
৬। জেলা প্রশাসক------ (সকল) জেলা প্রশাসনগণ উপকারভোগীর সংখ্যা প্রস্তুত করে বরাদ্দ দিবেন এবং সার্বিক বিষয়ে তদারকির ব্যবস্থা গ্রহণ করবেন।
৭। সচিব, টিসিবি, ঢাকা।
৮। অতিরিক্ত পরিচালক (অর্থ ও হিসাব), টিসিবি, ঢাকা।
৯। একান্ত সচিব, মাননীয় বাণিজ্য প্রতিমন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় বাণিজ্য প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০।একান্ত সচিব, মাননীয় সভাপতি, বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
১১।অফিস কপি।